# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**12 DECEMBER 2025** **7:45—7:55 PM**

---

১) জুবিন গার্গের মৃত্যুর মামলা সম্পর্কে এস এই টির আজ কামরূপ মুখ্য বিচারপতির আদালতে অভিযোগনাম দাখিল ।

২) অরুণাচল প্রদেশের আনজাও সড়ক দুর্ঘটাস্থল পরিদর্শন করে মন্ত্রী বিমল বরার উদ্ধার অভিযান পর্যবেক্ষণ ।

৩) রাজ্যের স্বাস্থ্য ও চিকিৎসা শিক্ষা বিভাগের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে আগামী ২২ ডিসেম্বর নিযুক্তিপত্র বিতরণ

এবং

৪) আজ সন্ধ্যা ৬টা থেকে বদরপুর ঘাটের গ্যামন সেতু দিয়ে আগামী ৪৮ ঘন্টা সব ধরণের যানবাহন চলাচল বন্ধ ।

-----------------------------------------------------------------------------------

জনতার শিল্পী জুবিন গার্গের অস্বাভাবিক মৃত্যু সম্পর্কে তদন্তের জন্য গঠিত আসাম পুলিশের অনুসন্ধান শাখার বিশেষ তদন্তকারী দল ( এস আই টি ) আজ এই মামলা সম্পর্কে কামরূপ মুখ্য বিচারপতির আদালতে অভিযোগনাম দাখিল করেছে । এস আই টির প্রধান অর্থাৎ বিশেষ সঞ্চালক প্রধান মুন্না প্রসাদ গুপ্তার নেতৃত্বে একটি দল আজ দুপুরে প্রায় ৩ হাজার ৫শো পৃষ্ঠার এই অভিযোগনামা দাখিল করেছে । অভিযোগনামায় জুবিন গার্গের ম্যানেজার সিদ্ধার্থ শর্মা , নর্থ-ইষ্ট ফেষ্টিভেলার অন্যতম আয়োজক শ্যামকানু মহন্ত , সঙ্গীত শিল্পী অমৃতপ্রভা মহন্ত এবং বাদ্যযন্ত্রী শেখরজ্যোতি গোস্বামীর বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতার ১শো ৩ ধারার অধীনে হত্যার অভিযোগের অভিযোগনামা দাখিল করা হয়েছে । জুবিন গার্গের সম্পর্কীত ভাই তথা সিঙ্গাপুর যাত্রার

সঙ্গী , আসাম পুলিশের চাকুরি থেকে বরখাস্ত সন্দীপন গার্গের বিরুদ্ধে ভারতীয় ন্যায় সংহিতার ১শো ৫ ধারার অধীনে অনিচ্ছাকৃত হত্যার অভিযোগের অভিযোগনামাও দাখিল করা হয়েছে । এছাড়া , জুবিন গার্গের দেহরক্ষী নন্দেশ্বর বরা এবং পরেশ বৈশ্যর বিরুদ্ধে বিশ্বাসভঙ্গের অভিযোগের অভিযোগনামা দাখিল করা হয়েছে । উল্লেখ্য যে গত ২৫ সেপ্টেম্বর গঠিত এস আই টি এই সময়ের মধ্যে প্রায় ৩শো জন লোকের সাক্ষ্য গ্রহণ করে এই অভিযোগনামা প্রস্তুত করেছে ।

বিশেষ সঞ্চালক প্রধান মুন্না প্রসাদ গুপ্তা অভিযোগনামা সম্পর্কে সাংবাদিকদের জানান যে ------

বাইট ( মুন্নাপ্রসাদ গুপ্তা )

নির্ধারিত সময়ের মধ্যে এস আই টি-র জুবিন গার্গের মৃত্যুর তদন্তের অভিযোগনামা দাখিল সম্পর্কে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা বলেন যে , এখন আদালত এই সম্পর্কে শুনানি গ্রহণ করে দোষীকে উপযুক্ত শাস্তি প্রদান করা ব্যবস্থা করবে ।

বাইট ( সি এম )

-----------------------------------------------------------------------------------

দুদিনের সূচি নিয়ে মনিপুর সফররত রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আজ ইম্ফালে অবস্থিত নুপিলাল স্মারক পরিদর্শন করা সহ ব্রিটিশ শাসনের বিরুদ্ধে ন্যায় বিচারের জন্য সংগ্রাম করা মনিপুরের বীর মহিলাদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন । এরপর তিনি সেনাপতি জেলায় একটি জনসভায় অংশ গ্রহণ করেন ।

রাষ্ট্রপতি গতকাল সন্ধ্যায় ইম্ফালে ১ হাজার কোটি টাকা ব্যায়সাপেক্ষে কয়েকটি প্রকল্প উদ্বোধন এবং শিলান্যাস করন । এই প্রকল্প সমূহের মধ্যে স্বাস্থ্য , শিক্ষা , সড়ক ও মহাসড়ক , জনজাতি উন্নয়ন , কৃষি , বিদ্যুৎ এবং পাণীয়জল সরবরাহ প্রকল্প রয়েছে ।

-----------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২১ ডিসেম্বর নামরূপে এমোনিয়া ইউরিয়া প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । রাজ্যের শক্তিমন্ত্রী প্রশান্ত ফুকন আজ টিংখং-এ দলীয় কর্মকর্তাদের সঙ্গে প্রধানমন্ত্রীর আসন্ন এই অনুষ্ঠানের পূর্বে প্রস্তুতি সম্পর্কে এক বৈঠকে মিলিত হন । বৈঠকে তিনি অনুষ্ঠানটি সফল করে তোলার জন্য সবার সহযোগিতা কামনা করেন ।

--------------------------------------------------------------------------------

অরুণাচল প্রদেশের আনজাও জেলায় সংঘটিত সড়ক দূর্ঘটনায় আসামের ১৪ জন শ্রমিক সহ বেশকয়েকজন লোকের মৃত্যুর ঘটনা সম্পর্কে মন্ত্রী বিমল বরা আজ অরুণাচলের লোহিত জেলার উপায়ুক্ত কেসাং নুরুপ ডামু , পুলিশ সুপার থোটান জাম্বা এবং তেজুর টুয়েন্টি ফিফথ আই টি বি পি কমাডেন্টের সঙ্গে গুরুত্বপূর্ণ আলোচনায় মিলিত হন । সেইসঙ্গে তিনি আনজাওয়ের দূর্ঘটনাস্থলে উপস্থিত হয়ে  জেলা প্রশাসন , সেনা এবং এন ডি আর এফ দলের উদ্ধার অভিযান নিরীক্ষণ করেন ।

এদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই ঘটনায় গভীর শোক প্রকাশ করে নিহতদের আত্মীয়দের সমবেদনা জ্ঞাপন করেন এবং আহতদের আরোগ্য কামনা করেন । শ্রী মোদী প্রধানমন্ত্রী সাহায্য নিধির অধীনে মৃত ব্যাক্তিদের নিকটাত্মীয়কে ২ লক্ষ টাকার এককালীন সাহায্য প্রদান করা সহ আহতদের চিকিৎসার জন্য ৫০ হাজার টাকার সহায়তার কথা ঘোষনা করেন । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মাও রাজ্য সরকারের পক্ষ থেকে মৃত ব্যাক্তিদের পরিবারকে ৫ লক্ষ টাকা এককালীন সহায়তার কথা ঘোষনা করেছেন । আসাম সরকার অরুণাচল প্রদেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ রক্ষা করা সহ প্রয়োজনীয় সহায়তা প্রদান করছে।

--------------------------------------------------------------------------------

রাজ্যের স্বাস্থ্য ও চিকিৎসা শিক্ষা বিভাগের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্যে আগামী ২২ ডিসেম্বর নিযুক্তিপত্র বিতরণ করা হবে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ সামাজিক মাধ্যমযোগে এ কথা ঘোষণা করেছেন । তিনি জানান যে প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার নিযুক্তির ক্ষেত্রে কিছু জটিলতা দেখা দেওয়ার পরিপ্রেক্ষিতে এই প্রক্রিয়া কিছু বিলম্বিত হয়েছে তবে আগামী ২২ ডিসেম্বর এই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের হাতে নিযুক্তিপত্র তুলে দেওয়া হবে ।

--------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তি জারী করে ৬ নম্বর জাতীয় সড়কের উপর থাকা বদরপুর ঘাটের গ্যামন সেতুতে আজ সন্ধ্যা ছটা থেকে আগামী ৪৮ ঘন্টার জন্য সবধরনের যানচলাচল সম্পূর্ন বন্ধ করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে গ্যামন সেতুর বেয়ারিং ভেঙ্গে যাওয়া এবং জনসুরক্ষার স্বার্থে সেতুটির সংস্কার কাজের জন্য যান চলাচল  আজ সন্ধ্যা ৬ টা থেকে আগামী রবিবার সন্ধ্যা ৬টা পর্য্যন্ত গ্যামন সেতু বন্ধ থাকবে ।  বিজ্ঞপ্তীতে বিকল্প সড়ক হিসেবে কালাইন-খাম্বার বাজার-বিহারা-বাবুর বাজার-বড়খলা হয়ে যান চলাচল করতে পারবে বলে উল্লেখ করা হয়েছে । ।

তবে শিলচর-কালাইন সংযোগী সড়কে ১৫ মেট্রিক টনের উপর যান চলাচল করতে পারবে না বলেও জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

অনলাইন ট্রেডিং কেলেঙ্কারী মামলার প্রথম শুনানীতে অভিযুক্ত সুমি বরা ,তার্কিক বরা এবং বিশাল ফুকন আজ চানমারীর সি বি আইয়ের বিশেষ আদালতে হাজির হয় । আদালতের নির্দেশে তিন অভিযুক্ত আজ ভাষ্য প্রদান করে । তবে আরো একজন অভিযুক্ত অভিজিত চান্দ আদালতে উপস্থিত থাকা থেকে বিরত থাকে । উল্লেখ্য অনলাইন ট্রেডিং কেলেঙ্কারী সম্পর্কে রাজ্যে ৪১ টি মামলা রুজু করা হয়েছিলো । পরবর্তী পর্যায়ে রাজ্য সরকার এই মামলাসমূহের তদন্তের দায়িত্ব সি বি আই কে অর্পণ করে ।

---------------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেল যাত্রীদের সুবিধার্থে ৫ টি ওয়ান- ওয়ে স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত গ্রহণ করেছে । এরমধ্যে শিলচর-কোলকাতা ওয়ান- ওয়ে স্পেশাল ১৮ ডিসেম্বর শিলচর থেকে ভোর ৫ টায় রওয়ানা হয়ে পরের দিন বেলা ১২ টা ৫ এ কোলকাতা পৌঁছবে । যাত্রাপথে ট্রেনটি বদরপুর ,লামডিং ,গৌহাটী , গোয়ালপারা টাউন ,নিউ বঙ্গাইগাঁও ইত্যাদি স্টেশনে থামবে । এদিকে আগরতলা - কোলকাতা ওয়ান- ওয়ে স্পেশাল ১৫ ডিসেম্বর আগরতলা থেকে সকাল ৭ টা ৩৫ মিনিটে রওয়ানা হয়ে পরের দিন বিকেল ৪ টা ৪০ মিনিটে কোলকাতা পৌঁছবে । যাত্রা পথে ট্রেনটি নিউ করিমগঞ্জ , বদরপুর ,গৌহাটী , গোয়ালপাড়া টাউন , নিউ বঙ্গাইগাঁও ইত্যাদি স্টেশনে থামবে ।
এছাড়া আগামী ১৩ ডিসেম্বর আলিপুর দুয়ার জংশন- দিল্লী ও ডিব্রুগড় কোলকাতা ওয়ান- ওয়ে স্পেশাল এবং ১৮ ডিসেম্বর নিউ তিনসুকিয়া -চেন্নাই সেন্ট্রেল ওয়ান- ওয়ে স্পেশাল ট্রেন চলাচল করবে বলে উত্তর-পূর্ব সীমান্ত রেলের মূখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব আজ শ্রীকোনা আই টি আই-তে আয়োজিত মিনি নিয়োগ শিবিরের উদ্বোধন করেন । এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে জেলা আয়ুক্ত শ্রীযাদব বলেন যে দৃঢ় সংকল্প , শৃংখলা এবং স্পষ্ট দিক নির্দেশনা নিয়ে প্রতিটি সুযোগকে কাজে লাগানোই আজকের প্রতিযোগীতামূলক কর্মক্ষেত্রে সাফল্যের চাবিকাঠী । জেলা আয়ুক্ত আরো বলেন যে বর্তমানে কর্মসংস্থানের ব্যবস্থা সেইসব প্রার্থীকেই বেশী মূল্যায়ন করে, যারা নিজেদের দক্ষতা নিয়মিত চর্চা করে , পরিবর্তনের সাথে খাপ খাইয়ে নেয় এবং শক্তিশালী যোগাযোগ ও সমস্যা সমাধানের

ক্ষমতা গড়ে তোলে । আজকের উদ্বোধনী অনুষ্ঠানে জেলা কর্ম বিনিয়োগ কেন্দ্রের সহকারী সঞ্চালক হিমাংশু কুমার দাস প্রাসঙ্গিক বক্তব্য রাখেন । এই মিনি নিয়োগ মেলায় মোট সাত জন নিয়োগকারী অংশগ্রহন করেন এবং ৩৫০ চাকুরী প্রার্থীর মধ্যে চাকুরীর সুযোগ প্রদান করেন ।

--------------------------------------------------------------------------------------

ধলাই-র বিধায়ক নীহার রঞ্জন দাস আজ ধলাইতে ২৯৪ জন দুস্থ রোগীর হাতে মূখ্যমন্ত্রী ত্রান তহবিলের চেক তুলে দিয়েছেন । বিধায়ক শ্রীদাস এর মধ্যে নরসিংপুর মন্ডলের ১৪৭ জন , বড়জালেঙ্গায় ৮৬ জন এবং পালংঘাটের ৬১ জনের হাতে মূখ্যমন্ত্রী ত্রান তহবিলের চেক তোলে দিয়েছেন । চেক বিতরন অনুষ্ঠানে বড়জালেঙ্গা মন্ডল সভাপতি অজয় দেব , জেলা পরিষদ সদস্য ধর্মেন্দ্র তিওয়ারী , পালংঘাট মন্ডল সভাপতি অপূর্ব দাস প্রমূখ উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------------

মূখ্যমন্ত্রী চা জনজাতি ও আদিবাসী অনুর্ধ-১৭ ফুটবল প্রতিযোগীতায় ধলাই বিধানসভা কেন্দ্রে বিজয়ী হয়েছে পশ্চিম জালেঙ্গা চা বাগান দল । ধলাই বি এন এম পি বিদ্যালয়ের খেলার আয়োজিত প্রতিযোগীতার ফাইনাল খেলায় পশ্চিম জালেঙ্গা চা বাগান দল টাইবেকারে ৫-৪ গোলে মণিয়ারখাল চা বাগান দলেকে পরাজিত করে । খেলা শেষে খেলোয়াড়দের হাতে পুরষ্কার তুলে দেন বিধায়ক নীহার রঞ্জন দাস , ধলাই সমজেলার অতিরিক্ত আয়ুক্ত দীক্ষা সরকার , রক্তিম বড়ুয়া প্রমূখ । উল্লেখ্য গত ৯ই ডিসেম্বর থেকে নয়টি চা বাগান দল নিয়ে এই প্রতিযোগীতা শুরু হয়েছিল ।

--------------------------------------------------------------------------------------